

ঢাকা কলেজের সব ক্লাস সোমবার বন্ধ

অনলাইন ডেক্স

২৫ নভেম্বর,
২০২৪ ০৫:১১

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রাজধানীর সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং কবি নজরুল কলেজে হামলা ও ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে 'মেগা মানডে' ঘোষণা দিয়েছেন কলেজ দুটির শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বাকি পাঁচ কলেজের শিক্ষার্থীরাও এ ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। এমন পরিস্থিতিতে সোমবার (২৫ নভেম্বর) ঢাকা কলেজের সব ক্লাস বন্ধ ঘোষণা করেছে কলেজ প্রশাসন।

রবিবার (২৪ নভেম্বর) রাতে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াসের সহ করা এক বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সোমবার ঢাকা কলেজের কোনো শিক্ষার্থী কোথাও কোনো ধরনের কর্মসূচিতে অংশগ্রহণ করলে অথবা আইনশৃঙ্খলা বিরোধী কোনো কাজ করলে তার দায় কলেজ প্রশাসন নেবে না। সুতরাং, সব শিক্ষার্থীকে বাইরের যে কোনো কর্মসূচিতে অংশগ্রহণ ও আইনশৃঙ্খলা বিরোধী কাজ না করার অনুরোধ করা হলো। অন্যথায় জড়িতদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে হাতে লেখা এক বিজ্ঞপ্তিতে অধ্যক্ষ জানান, ‘অনিবার্য কারণবশত ২৫ নভেম্বর ঢাকা কলেজের সব ক্লাস স্থগিত করা হলো।’

কলেজ বাস ছাত্র আনার জন্য যাবে না।’

মূলত ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থী অভিজিতের চিকিৎসায় অবহেলার অভিযোগে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর গত বৃহস্পতিবার সোহরাওয়ার্দী ও কবি নজরুল কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালান বলে অভিযোগ ওঠে। এরই পরিপ্রেক্ষিতে রবিবার ঢাকার কলেজগুলোর উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীরা একত্রিত হয়ে শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজে ভাঙ্গুর চালান ও আগ্নিসংযোগের চেষ্টা করেন।